রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৪ সনের ২৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৩, ২০১৪

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৮১—৩৯৪ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৮২৯—৮৪৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | ২৯—৪৮ |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১২৬৩—১৩০২ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪১ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**অধিশাখা-২ (কর)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২১ ফাল্গুন ১৪২০/০৫ মার্চ ২০১৪

**নং ০৮.০০.০০০০.০৩৭.২৭.০৫৪.১২-১২৫**—যেহেতু, বিসিএস (কর) ক্যাডারের কর্মকর্তা জনাব পরিতম কুমার দত্ত, সহকারী পরিচালক, কর প্রশিক্ষণ পরিদপ্তর, বিসিএস (কর) একাডেমী, ঢাকা এর অনুকূলে Australian Univerity of Queensland-এ Doctor of Philosophy প্রোগ্রামে অধ্যয়নের জন্য ৪(চার) বৎসর ২(দুই) মাস ৯ (নয়) দিন শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়। তিনি শিক্ষা ছুটি শেষে স্ব-পদে যোগদান না করে চাকুরী হতে অব্যাহতি প্রদানে আবেদন করলে তাঁর শিক্ষা ছুটি মঞ্জুরীর শর্ত অনুযায়ী ক্ষতিপূরণ বাবদ ৪,০০,০০০ (চার লক্ষ) টাকা জমা প্রদানের জন্য মহাপরিচালক, বিসিএস (কর) একাডেমী, ঢাকা কর্তৃক পত্র প্রেরণ করা হলেও তিনি টাকা জমা দেননি। তাছাড়া তাঁর শিক্ষা ছুটি মঞ্জুরী আদেশে শিক্ষা সমাপনান্তে তিনি একই পদ একই কর্মস্থলে যোগদান করবেন মর্মে উল্লেখ ছিল। কিন্তু তিনি অনুমোদিত শিক্ষা ছুটি শেষে যথাসময়ে স্ব-পদে যোগদান করেননি বিধায় বিগত ১১-১২-২০১২ খ্রিঃ তারিখে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) অনুযায়ী "অসদাচরণ" (misconduct) ও "ডিজারশন" (desertion) এর অভিযোগে অভিযুক্ত করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়ের করতঃ কারণ দর্শাতে বলা হয়।

যেহেতু, জনাব পরিতম কুমার দত্ত ৩০-১২-২০১২ খ্রিঃ তারিখে লিখিত জবাব দাখিল করেন। জবাবে তিনি ঠিকানা উল্লেখ না করায় এবং তিনি ব্যক্তিগত শুনানীতে আগ্রহী না হওয়ায় এ বিষয়ে তদন্ত করে সঠিক তথ্য উদ্‌ঘাটনের জন্য জনাব ফারুক আহমেদ, প্রথম সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ১১-০৫-২০১৩ খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্তে প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত বলে উল্লেখ করেন।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে জনাব পরিতম কুমার দত্ত এর বিরুদ্ধে আনীত অভিযোগে তাঁকে দোষী সাব্যস্ত করে সরকারী চাকরি হতে বরখাস্ত (Dismissal from service) করার সাময়িক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে ১৪-০৮-২০১৩ খ্রিঃ তারিখে তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়।

যেহেতু, জনাব পরিতম কুমার দত্ত দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি। জবাবের জন্য প্রায় দেড় মাস অপেক্ষা করে জবাব না পাওয়ায় মন্ত্রণালয়ের প্রশাসনিক সিদ্ধান্ত অনুযায়ী তাঁকে চাকুরি হতে বরখাস্ত (Dismissal from service) করার বিষয়ে বিগত ২৩-০৯-২০১৩ খ্রিঃ তারিখে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হলে সরকারি কর্মকমিশন মন্ত্রণালয়ের গৃহীত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে।

যেহেতু, জনাব পরিতম কুমার দত্ত এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় তদন্ত প্রতিবেদন, তাঁর কৈফিয়তের জবাব, সরকারি কর্মকমিশনের পরামর্শ ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি চাকুরি থেকে বরখাস্ত (Dismissal from Service) করা সমীচীন বলে প্রতীয়মান হওয়ায় বিগত ১২-০১-২০১৪ খ্রিঃ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সম্মতির জন্য প্রস্তাব প্রেরণ করা হয়। মহামান্য রাষ্ট্রপতি জনাব পরিতম কুমার দত্তকে সরকারি চাকুরি থেকে বরখাস্ত (Dismissal from Service) করার সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন।

সেহেতু, বিসিএস (কর) ক্যাডারের কর্মকর্তা জনাব পরিতম কুমার দত্ত, সহকারী পরিচালক, বিসিএস (কর) একাডেমী, ঢাকাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) অনুসারে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ০১-০৪-২০১০ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৮.০০.০০০০.০৩৭.২৭.০৫১.১২-১২৬**—যেহেতু, বিসিএস (কর) ক্যাডারের কর্মকর্তা জনাব এস.এম, গোলাম হিলালী, প্রথম সচিব (কর) এবং কাউন্টার পার্ট অফিসার, রিরা প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকাকে ICDDR'B এর Consultant পদে নিয়োগের জন্য অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক ২৬-০৭-২০০৫ তারিখে ০১ (এক) বছরের লিয়েন মঞ্জুর করা হয়। পরবর্তীতে তাঁর ০২-১১-২০০৫ তারিখের আবেদন অনুযায়ী উক্ত লিয়েনের মেয়াদ ২৫-০৭-২০১০ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। অতঃপর লিয়েনের মেয়াদ আরো ০৪(চার) বছর বৃদ্ধির আবেদন করা হলে তাঁর প্রার্থীত লিয়েন মঞ্জুর করা হয়নি।

যেহেতু, জনাব এস. এম. গোলাম হেলালীকে তাঁর দপ্তর বা মন্ত্রণালয়কে অবহিত না করে অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) অনুযায়ী "অসদাচরণ" (Misconduct) ও "ডিজারশন"(desertion) এর অভিযোগে অভিযুক্ত করে কারণ দর্শাতে বলা হয়। কিন্তু অভিযুক্ত কর্মকর্তার নিকট হতে কোন জবাব পাওয়া যায়নি। এ বিষয়ে তদন্ত করে সঠিক তথ্য উদ্‌ঘাটনের জন্য জনাব এ. এম. এম. আজহার, যুগ্মসচিব (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ৩০-০৬-২০১৩ খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে বলে উল্লেখ করেন।

যেহেতু, তদন্ত প্রতিবেদন এ সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে জনাব এস এম গোলাম হিলালীর বিরুদ্ধে আনীত অভিযোগে তাঁকে দোষী সাব্যস্ত করে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করার সাময়িক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে ১৮-০৮-২০১৩ খ্রিঃ তারিখে তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়।

যেহেতু, জনাব এস. এম. গোলাম হিলালী দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি। জবাবের জন্য প্রায় ০২(দুই) মাস অপেক্ষা করে জবাব না পাওয়ায় মন্ত্রণালয়ের প্রশাসনিক সিদ্ধান্ত অনুযায়ী তাঁকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করার বিষয়ে বিগত ২১-১০-২০১৩ খ্রিঃ তারিখে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হলে সরকারি কর্মকমিশন মন্ত্রণালয়ের গৃহীত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে।

যেহেতু, জনাব এস. এম. গোলাম হিলালীর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, সরকারি কর্মকমিশনের পরামর্শ ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি চাকুরী থেকে বরখাস্ত (Dismissal from service) করা সমীচীন বলে প্রতীয়মান হওয়ায় বিগত ১২-০১-২০১৪ খ্রিঃ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সম্মতির জন্য প্রস্তাব প্রেরণ করা হয়। মহামান্য রাষ্ট্রপতি জনাব এস এম গোলাম হিলালীকে সরকারি চাকুরি থেকে বরখাস্ত (Dismissal from service) করার সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন।

সেহেতু, বিসিএস (কর) ক্যাডারের কর্মকর্তা জনাব এস.এম গোলাম হিলালী, যুগ্ম কর কমিশনার/প্রথম সচিব (কর) এবং কাউন্টার পার্ট অফিসার, রিরা প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) অনুসারে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ২৬-০৭-২০১০ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম হোসেন**
সচিব।

---

**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)**

**এডিবি-৫ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ মার্চ ২০১৪

**নং ০৯.৫২১.০২৪.০১.০০.০৮৭.২০১৪-৫৪**—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে অর্থ বিভাগের আওতায় বাস্তবায়িতব্য Skills for Employment Investment Program (SEIP)-শীর্ষক প্রকল্পের জন্য বাংলাদেশ সরকার পক্ষে লোন নেগোসিয়েশনের লক্ষ্যে নিম্নোক্ত প্রতিনিধিদল গঠন করা হলো ঃ

| | | |
|---|---|---|
| (ক) | জনাব সাইফুদ্দিন আহমদ, যুগ্ম-সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | দলনেতা |
| (খ) | জনাব মোঃ খায়রুল ইসলাম, উপ-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (গ) | জনাব মোঃ বজলুর রশীদ, পরিচালক, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় | ,, |

| | | |
|---|---|---|
| (ঘ) | কাজী নজরুল ইসলাম, পরিচালক, এনএসডিসি-সচিবালয় | সদস্য |
| (ঙ) | জাব মোঃ মুসলেহ উদ্দিন, উপ-প্রধান, বাণিজ্য মন্ত্রণালয় | ,, |
| (চ) | জনাব মোঃ রেজাউল করিম, উপ-প্রধান, পরিকল্পনা কমিশন | ,, |
| (ছ) | জনাব মোঃ আবুল বশর, উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক | ,, |
| (জ) | জনাব মোঃ মাহবুবুর রহমান, সিনিয়র সহকারী সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ,, |
| (ঝ) | জনাব মোহাঃ অলিউল্লাহ মিয়া, উপ-সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ,, |

২। **নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান**

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ৩০ মার্চ ২০১৪ | সকাল ১০:০০ টা থেকে শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা |
| ৩১ মার্চ ২০১৪ | সকাল ১০:০০ টা থেকে শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা |

৩। উপরে বর্ণিত লোন নেগোসিয়েশন প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাঃ অলিউল্লাহ মিয়া**
উপ-সচিব।

---

## আইন, বিচার ও সংসদ বিষয় মন্ত্রণালয়

## আইন ও বিচার বিভাগ, সলিসিটর অনুবিভাগ

## বিজ্ঞপ্তি

তারিখ, ১১ মার্চ ২০১৪

**নং সলিসিটর/জিপি/পিপি(সাতক্ষীরা)-৪৬/০৯-২৮**—পাবলিক প্রসিকিউটর পদ হতে জনাব মুস্তফা লুৎফুল্লাহ কর্তৃক দাখিলকৃত পদত্যাগপত্রটি ১২-১২-২০১৩ খ্রিঃ তারিখ হতে কার্যকর মর্মে সরকার পক্ষে গৃহীত হইয়াছে।

ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, এম সলিমউল্লাহ**
সলিসিটর।

---

## বিচার শাখা-৭

## আদেশ

তারিখ, ১৮ মার্চ ২০১৪

**নং বিচার-৭/২এন-৩২/২০১৩-১৯১**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে (আপনাকে জনাব অশোক রঞ্জন ভট্টচার্য্য, পিতা মৃত গোপিকা রঞ্জন ভট্টাচার্য্য, মাতা মৃত সুনীতি রানী ভট্টচার্য্য, গ্রাম নয়াগ্রাম, ডাকঘর বিয়ানীবাজার, উপজেলা বিয়ানীবাজার, জেলা সিলেট) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট জেলার বিয়ানীবাজার উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালা বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

---

## পানি সম্পদ মন্ত্রণালয়

## উন্নয়ন-৫ শাখা

## আদেশ

তারিখ, ৪ চৈত্র ১৪২০/১৮ মার্চ ২০১৪

**নং ৪২.০৩৮.০২৪.০৮.০০.০১২.২০০৫-৭৫**—পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর জন্য অস্থায়ীভাবে সৃষ্ট নিম্নবর্ণিত ৪৮(আটচল্লিশ)টি পদ ০১-০৬-২০১২ তারিখ হতে ৩১-০৫-২০১৩ তারিখ পর্যন্ত (২০১২-২০১৩ অর্থ বছরের জন্য) নিম্নবর্ণিত শর্তাবলী পালন সাপেক্ষে সংরক্ষণের জন্য নির্দেশক্রমে সরকারি সম্মতি জ্ঞাপন করছি ঃ

| ক্রঃ নং | পদের নাম | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন স্কেল (বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী) | পদ সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) | সদস্য | সরকার কর্তৃক নিজ বেতনক্রমে নিয়োগযোগ্য | ১(এক)টি |
| (২) | পরিচালক | ২৫৭৫০-৩৩৭৫০/- | ১(এক)টি |
| (৩) | নির্বাহী প্রকৌশলী | ২২২৫০-৩১২৫০/- | ৩(তিন)টি |
| (৪) | উপ-বিভাগীয় প্রকৌশলী | ১৮৫০০-২৯৭০০/- | ৬(ছয়)টি |
| (৫) | সহকারী প্রকৌশলী | ১১০০০-২০৩৭০/- | ২(দুই)টি |
| (৬) | সহকারী পরিচালক/সহঃ কারিগরী কর্মকর্তা | ১১০০০-২০৩৭০/- | ১(এক)টি |
| (৭) | প্রটোকল অফিসার | ৮০০০-১৬৫৪০/- | ১(এক)টি |
| (৮) | হিসাব রক্ষক | ৫৫০০-১২০৯৫/- | ১(এক)টি |
| (৯) | উপ-সহকারী প্রকৌশলী | ৮০০০-১৬৫৪০/- | ১(এক)টি |
| (১০) | সহকারী গ্রন্থাগারিক | ৬৪০০-১৪২৫৫/- | ১(এক)টি |
| (১১) | নকশাকারক | ৪৯০০-১০৪৫০/- | ২(দুই)টি |
| (১২) | সাঁট-লিপিকার কাম পিএ | ৫৫০০-১২০৯৫/- | ২(দুই)টি |
| (১৩) | সিঃ ডাটা এন্ট্রি অপারেটর | ৬৪০০-১৪২৫৫/- | ২(দুই)টি |
| (১৪) | হিসাব সহকারী | ৪৯০০-১০৪৫০/- | ১(এক)টি |
| (১৫) | উচ্চমান সহকারী | ৪৯০০-১০৪৫০/- | ১(এক)টি |
| (১৬) | জরিপকারী | ৪৯০০-১০৪৫০/- | ১(এক)টি |
| (১৭) | নিম্নমান সহকারী | ৪৭০০-৯৭৪৫/- | ১(এক)টি |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| (১৮) | গ্রন্থাগার সহকারী | ৪৭০০-৯৭৪৫/- | ১(এক)টি |
| (১৯) | টেলিফোন অপারেটর তথা অভ্যর্থনাকারী | ৪৭০০-৯৭৪৫/- | ১(এক)টি |
| (২০) | ডাটা এন্ট্রি অপাঃ কাম টাইপিষ্ট | ৪৭০০-৯৭৪৫/- | ৪(চার)টি |
| (২১) | গাড়ী চালক | ৪৭০০-৯৭৪৫/- | ৩(তিন)টি |
| (২২) | নিরাপত্তা প্রহরী | (চুক্তিভিত্তিক) | ৩(তিন)টি |
| (২৩) | বার্তা বাহক/এমএলএসএস | ৪১০০-৭৭৪০/- | ৭(সাত)টি |
| (২৪) | সুইপার | (চুক্তিভিত্তিক) | ১(এক)টি |

২। উপর্যুক্ত অস্থায়ী পদের বেতন ও ভাতাদিসহ আনুষঙ্গিক ব্যয় ২০১২-২০১৩ অর্থ বছরের সাংবিধানিক কোড নং-৩, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় পরিচালন ইউনিট-৩২৮৩, প্রাতিষ্ঠানিক কোড-৪৭০৫, অর্থনৈতিক কোড-৫৯০১ (সাধারণ মঞ্জুরী) ও অন্যান্য মঞ্জুরী বেতন বাবদ সহায়তা খাতে বরাদ্দকৃত অর্থ থেকে এ ব্যয় মিটানো হবে।

৩। এ আদেশ জারীতে সকল আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে এবং এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**ফাহমিদা খানম**
সিনিয়র সহকারী সচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**যুগ্ম সচিব প্রশাসন-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২ মার্চ ২০১৪

**নং শাখা-৫/বিবিধ-৯/২০১০(অংশ)-২৫১/১**—যেহেতু, জনাব মোঃ মহিদুল ইসলাম, সাবেক উপ-সহকারী প্রকৌশলী, সাভার গণপূর্ত বিভাগ, ঢাকা (বর্তমানে উপ-সহকারী প্রকৌশলী, ময়মনসিংহ গণপূর্ত সার্কেল, ময়মনসিংহ) এর বিরুদ্ধে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ১৮-১-২০১১ তারিখের শাখা-৫/বিবিধ-৯/২০১০(অংশ)-২৯ নম্বর স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি, ১৯৮৫ এর ৩ (বি) উপ-বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে তার কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, জনাব মোঃ মহিদুল ইসলাম গত ১-২-২০১১ তারিখে উক্ত অভিযোগের আলোকে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর আবেদন করেন এবং উক্ত আবেদনের প্রেক্ষিতে ৩০-৩-২০১১ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীকালে জনাব মোঃ মহিদুল ইসলাম তার বিরুদ্ধে আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে লিখিত বক্তব্য প্রদান করেন। তিনি তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি জরুরী সরকারি প্রয়োজনে এসব কাজ করেছেন;

যেহেতু, সরকার পক্ষের নথি উপস্থাপনকারী কর্মকর্তা জনাব নায়লা আহমেদ, নির্বাহী প্রকৌশলী (তদন্ত কোষ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা বলেন যে, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর বাইরে তার কোনো বক্তব্য নেই। অভিযুক্ত জনাব মোঃ মহিদুল ইসলাম এর শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক হওয়ায় তাকে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য গণপূর্ত অধিদপ্তরের আব্দুল মালেক সিকদার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ডিজাইন সার্কেল-১, ঢাকা'কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মহিদুল ইসলাম, সাবেক উপ-সহকারী প্রকৌশলী, সাভার গণপূর্ত বিভাগ, ঢাকা (বর্তমানে উপ-সহকারী প্রকৌশলী, ময়মনসিংহ গণপূর্ত সার্কেল, ময়মনসিংহ) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ধারা অনুযায়ী অসদাচরণের ৬টি অভিযোগই প্রমাণিত হয়নি মর্মে তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি, অভিযুক্তের জবাব ও নথি উপস্থাপনকারী বক্তব্য, আনুষাঙ্গিক কাগজপত্র এবং তদন্ত কর্মকর্তার মতামত পর্যালোচনান্তে দেখা যায়, তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি ১৯৮৫ এর ৩ (বি) উপ-বিধি অনুযায়ী আনীত অসদাচণের অভিযোগ প্রতিষ্ঠিত হয়নি;

সেহেতু, জনাব মোঃ মহিদুল ইসলাম, সাবেক উপ-সহকারী প্রকৌশলী, সাভার গণপূর্ত বিভাগ, ঢাকা (বর্তমানে উপ-সহকারী প্রকৌশলী, ময়মনসিংহ গণপূর্ত সার্কেল, ময়মনসিংহ) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি ১৯৮৫ এর ৩ (বি) উপ-বিধি অনুযায়ী অসদাচণের অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হয়।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম রব্বানী**
ভারপ্রাপ্ত সচিব।

---

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**বিদ্যুৎ বিভাগ**

**প্রশাসন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৪ মার্চ ২০১৪

**নং ২৭.০৪১.০৩১.০০.০০.১৬.২০০৫.৩৫২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-১-২০১১ তারিখের ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-৪৫ নম্বর স্মারক অনুসরণে বিদ্যুৎ বিভাগের দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, ঢাকা

**সদস্যবৃন্দ**

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপ সচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৩) অর্থ মন্ত্রণালয়ের উপ সচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৪) সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর পরিদপ্তর এর পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে)

**সদস্য সচিব**

(৫) উপ সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, ঢাকা

২। এ কমিটির কার্য পরিধি (Terms & Condition) নিম্নরূপ হবে ঃ—

(ক) সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার শর্ত পূরণসাপেক্ষে বিদ্যুৎ বিভাগ এর অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের দশম, একাদশ, দ্বাদশ গ্রেডের ২য় শ্রেণীর কর্মকর্তা হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।

(খ) বাংলাদেশ সরকারি কর্মকমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্মকমিশনের আওতাভুক্ত বিধায় ৩য় হতে ২য় শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারি কর্মকমিশনের আওতাভুক্ত। এ জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকবে।

৩। বিদ্যুৎ বিভাগের ১৪-১-২০১০ তারিখের ২৭.০৪১.০৩১. ০০০.০০.১৬.২০০৫-৮১৪(ক) সংখ্যক প্রজ্ঞাপনটি বাতিল করা হলো।

৪। বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ শোয়েবুল আলম**
উপ-সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**

**অধিগ্রহণ শাখা-১**

**এল এ কেস নং ৪১ জি/১৯৭৮**

**ফরম ঘ**

**ঘোষণা**

**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ]**

তারিখ, ২ মার্চ ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০১৪.১৪-৫২**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালেন ১৩ নং আইন) এর '৩' ধারা অনুযায়ী ২৭-১২-১৯৭৮ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন; সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

মৌজাঃ চকফরিদ, জে এল নং ১৩৯, উপজেলাঃ বগুড়া সদর, জেলাঃ বগুড়া।

| দাগ নং (এম আর আর) | জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ২২০ পূর্ণ | ০.১২ |
| ২২১ আংশিক | ০.৭১ |
| ২২২ পূর্ণ | ০.৩৮ |
| ২৪৯ আংশিক | ০.০৪ |
| | সর্বমোট = ১.২৫ একর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

**এল এ কেস নং ৪৬ জি/১৯৬৮**

**ফরম ঘ**

**ঘোষণা**

**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ]**

তারিখ, ২ মার্চ ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০১৩.১৪-৫৩**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালেন ১৩ নং আইন) এর ৩ ধারা অনুযায়ী ২-১০-১৯৬৮ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

মৌজাঃ ফুলদিঘী, জে এল নং ১১৯, উপজেলাঃ বগুড়া সদর, জেলাঃ বগুড়া।

| দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ১৯৮৮ | ০.৪৫ |
| ১৯৮৯ | ০.৪০ |
| ১৯৯০ | ০.৬৬ |
| ১৯৯১ | ০.১০ |
| ১৯৯৪ | ০.২৩ |
| ১৯৯৫ | ০.১০ |
| ১৯৯৬ | ০.৪৫ |
| ১৯৯৭ | ০.০৭ |
| ২০০৩ | ০.০৫ |
| ২০০৪ | ০.০৪ |
| ২০১১ | ০.০৪ |
| ২০১২ | ০.৭৪ |
| ২০১৩ | ০.৫৬ |
| ১৯৯৮ | ০.২৬ |
| | সর্বমোট = ৪.১৫ একর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

---

**এল এ কেস নং ৪২ জি/১৯৮১**

**ফরম ঘ**

**ঘোষণা**

**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ]**

তারিখ, ২ মার্চ ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০১২.১৪-৫৪**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালেন ১৩ নং আইন) এর '৩' ধারা অনুযায়ী ৩-০৪-১৯৮১ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

মৌজাঃ বানাইল, জে এল নং ১৫৩, উপজেলাঃ শিবগঞ্জ, জেলাঃ বগুড়া।

| দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৩৩ | ০.০৩০০ |
| ৩৪ | ০.৩০০০ |
| | সর্বমোট= ০.৩৩০০ একর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

**এল এ কেস নং ১০ জি/১৯৮০**

**ফরম ঘ**

**ঘোষণা**

**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ]**

তারিখ, ২ মার্চ ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০১১.১৪-৫৫**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালেন ১৩ নং আইন) এর '৩' ধারা অনুযায়ী ১৬-০৭-১৯৮০ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

মৌজাঃ বিহার, জে এল নং ১৪৪, উপজেলাঃ শিবগঞ্জ, জেলাঃ বগুড়া।

| দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ২৭৫৫ | ০.৫৬০০ |
| ২৮১৩ | ০.২৭০০ |
| ২৮১৫ | ০.৩৪০০ |
| ৩০৩৯ | ০.১৭০০ |
| ২৮৮৪ | ০.২৮০০ |
| | সর্বমোট= ১.৬২০০ একর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-সেল**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৫ মার্চ ২০১৪

**নং মশিবিম/শা-সেল/জামস/উপজেলা কমিটি-৩/১০(অংশ-১)/৪৭**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১(১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার নারায়ণগঞ্জ সদর উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রঃ নং | ধারা | ক্যাটাগরী | নাম ও ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | ১১(১)(গ) | শিক্ষিকা | আমেনা খাতুন, স্বামী-মোঃ বাবুল মোল্লা, সাং-সুমিলপাড়া (আইলপাড়া), পো–আদমজীনগর, থানা-সিদ্ধিরগঞ্জ, জেলা-নারায়ণগঞ্জ। | সদস্য |
| (২) | ১১(১)(ঘ) | সমাজসেবী | শাহানাজ মঞ্জুর রেখা, স্বামী-মঞ্জুর হোসেন, সাং-১৫৯ নং খানপুর মেইন রোড, নারায়ণগঞ্জ। | চেয়ারম্যান |
| (৩) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | পিয়ারী চৌধুরী, স্বামী-ইসমাইল চৌধুরী (খোকা), সাং-ফতুল্লা, পোঃ-ফতুল্লা, থানা-ফতুল্লা, জেলা-নারায়ণগঞ্জ। | সদস্য |
| (৪) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | নাজমা, স্বামী-আঃ রশিদ, সাং-পশ্চিম দেলপাড়া, থানা-ফতুল্লা, জেলা-নারায়ণগঞ্জ। | সদস্য |
| (৫) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | শারমিন আক্তার, স্বামী-নজরুল ইসলাম, সাং-পশুরপুকুর পাড়, থানা-ফতুল্লা, জেলা-নারায়ণগঞ্জ। | সদস্য |

২। উপরে উল্লিখিত কমিটির সদস্যগণের মধ্য হতে ২নং ক্রমিকের শাহানাজ মঞ্জুর রেখা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ধারাবাহিকভাবে ০৭-০৭-২০১৩ তারিখ হতে পুনরায় দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-সেল/জামস/উপজেলা কমিটি-৩/১০(অংশ-১)/৪৮**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১(১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, সোনারগাঁ, নারায়ণগঞ্জ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার সোনারগাঁ উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রঃ নং | ধারা | ক্যাটাগরী | নাম ও ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | ১১(১)(গ) | শিক্ষিকা | নূরতাজ বেগম, স্বামী-মোঃ আলমগীর হোসেন, সাং-গোবিন্দপুর, সোনারগাঁও পৌরসভা, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | সদস্য |
| (২) | ১১(১)(ঘ) | সমাজসেবী | মোসাঃ জাহানারা আক্তার, পিতা-আবু তাহের, সাং-ভাটিবন্দর, পিরোজপুর সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | সদস্য |
| (৩) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোসাম্মদ রুবিয়া সুলতানা, স্বামী-আবদুল্লাহ-আল-কায়সার, সাং-ছোট অর্জুন্দী, মোগরাপাড়া, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | চেয়ারম্যান |
| (৪) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোসাঃ নাছরিন সুলতানা (ঝরা), পিতা মৃত-জয়নাল আবেদীন, সাং-লাহাপাড়া, সোনারগাঁও পৌরসভা, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | সদস্য |
| (৫) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | আখিনুর আক্তার (সীমু), পিতা মৃত-হাজী শফি উদ্দিন মোল্লা, সাং-বাড়ী শ্রীরামপুর, সোনারগাঁও পৌরসভা, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। | সদস্য |

২। উপরে উল্লিখিত কমিটির সদস্যগণের মধ্য হতে ৩নং ক্রমিকের মোসাম্মদ রুবিয়া সুলতানা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ধারাবাহিকভাবে ০৪-০৪-২০১৩ তারিখ হতে পুনরায় দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-সেল/জামস/উপজেলা কমিটি-৩/১০(অংশ-১)/৪৯**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১(১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার কাপাসিয়া উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | মন্তব্য |
|---|---|---|
| (১) | বেগম রওশন আরা সরকার, স্বামী-আবুল হোসেন সরকার, গ্রাম-সাফাইশ্রী, পোঃ-কাপাসিয়া, কাপাসিয়া, গাজীপুর। | চেয়ারম্যান |
| (২) | বেগম ফৌজিয়া বরকত, স্বামী-জহির বরকত, গ্রাম-বারিষাব, পোঃ-গিয়াসপুর, কাপাসিয়া, গাজীপুর। | সদস্য |
| (৩) | বেগম সুলতানা পারভীন, স্বামী-আসাদুজ্জামান, গ্রাম-বড়টেক, কাপাসিয়া, গাজীপুর। | সদস্য |
| (৪) | বেগম নার্গিস হায়দার, স্বামী-ডাঃ নাজিম হায়দার, কাপাসিয়া, গাজীপুর। | সদস্য |
| (৫) | পেয়ারা বেগম, স্বামী-মজিবুর রহমান, কাপাসিয়া, গাজীপুর। | সদস্য |

২। উপরে উল্লিখিত কমিটির সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের বেগম রওশন আরা সরকার উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ধারাবাহিকভাবে ০৫-০১-২০১৩ তারিখ হতে পুনরায় দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-সেল/জামস/উপজেলা কমিটি-৩/১০(অংশ-১)/৫০**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১(১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, মুক্তাগাছা, ময়মনসিংহ এর সুপারিশেরভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার মুক্তাগাছা উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রঃ নং | ধারা | ক্যাটাগরী | নাম ও ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | ১১(১)(গ) | শিক্ষিকা | মলিনা দত্ত, কেন্দ্রীয় পৌর সরকারি প্রাথমিক বিদ্যালয়, মুক্তাগাছা, ময়মনসিংহ। | চেয়ারম্যান |
| (২) | ১১(১)(ঘ) | সমাজসেবী | শাহানাজ বেগম (ফরিদা), স্বামী-মৃত হাছেন আলী, সাং-পয়ারকান্দি, মুক্তাগাছা, ময়মনসিংহ। | সদস্য |
| (৩) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মমতাজ বেগম, স্বামী-মৃত আজিজুল হক খান, সাং-পয়ারকান্দি, মুক্তাগাছা, ময়মনসিংহ। | সদস্য |
| (৪) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | লুৎফুন্নাহার, স্বামী-আকবর আলী খান, সাং-আমোদপুর, মুক্তাগাছা, ময়মনসিংহ। | সদস্য |
| (৫) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | হোসনে আরা বেগম, স্বামী-ওয়াজ উদ্দিন, সাং-কুমারপাতা, মুক্তাগাছা, ময়মনসিংহ। | সদস্য |

২। উপরে উল্লিখিত কমিটির সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের মলিনা দত্ত উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ধারাবাহিকভাবে ০৪-০৪-২০১৩ তারিখ হতে পুনরায় দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-সেল/জামস/উপজেলা কমিটি-৩/১০(অংশ-১)/৫১**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১(১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা এর সুপারিশেরভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার বিলাইছড়ি উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রঃ নং | নাম ও পিতা/স্বামীর নাম | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মিসেস রিতা চাকমা<br>স্বামী সাধন চাকমা | সাং পরিহলামোন, কেংড়াছড়ি ইউপি, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা। | বে-সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষিকা |
| (২) | মিসেস পারিয়াল চক্রবর্তী<br>স্বামী-সমিরন চক্রবর্তী | সাং-বিলাইছড়ি বাজার, বিলাইছড়ি ইউপি, বিলাইছড়ি, রাঙ্গামাটি, পার্বত্য জেলা। | সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষিকা, বিশিষ্ট মহিলা |
| (৩) | মিসেস লক্ষ্মী বড়ুয়া,<br>স্বামী-গুঞ্জু বড়ুয়া | সাং-বিলাইছড়ি বাজার, বিলাইছড়ি ইউপি, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা। | বিশিষ্ট সমাজ সেবিকা |
| (৪) | মিস শাহানা পারভীন<br>পিতা-নওয়াব আলী | সাং-কেংড়াছড়ি, কেংড়াছড়ি ইউপি, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা। | বিশিষ্ট মহিলা |
| (৫) | মিসেস বাগান পুরি তঞ্চঙ্গ্যা<br>স্বামী-খঞ্জন তঞ্চঙ্গ্যা | সাং-গোয়াইছড়ি, ফারুয়া ইউপি, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা। | বিশিষ্ট মহিলা |

২। উপরে উল্লিখিত কমিটির সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের মিসেস রিতা চাকমা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ধারাবাহিকভাবে ১৮-০৫-২০১৩ তারিখ হতে পুনরায় দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-সেল/জামস/উপজেলা কমিটি-৩/১০(অংশ-১)/৫২**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১(১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, বড়াইগ্রাম, নাটোর এর সুপারিশেরভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার বড়াইগ্রাম উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | সংস্থার প্রস্তাবিত পদবী | ক্যাটাগরী |
|---|---|---|---|
| (১) | মোছাঃ নাজমা রহমান, স্বামী-কে, এম, জাকির হোসেন, সহকারী শিক্ষিকা, বেগম রোকেয়া বালিকা উচ্চ বিদ্যালয়। | চেয়ারম্যান | ১১(১)(গ) উপ-ধারা অনুসারে |
| (২) | মোছাঃ নিলুফার ইয়াসমিন, স্বামী-মোঃ নজরুল ইসলাম, আলোর ছোঁয়া মহিলা সংস্থা, ধানাইদহ, বড়াইগ্রাম, নাটোর। | সদস্য | ১১(১)(ঘ) উপ-ধারা অনুসারে |
| (৩) | মিনতি হামিদ, স্বামী-মৃত আঃ হামিদ, গ্রাম-শ্রীরামপুর, বড়াইগ্রাম, নাটোর। | সদস্য | ১১(১)(চ) উপ-ধারা অনুসারে |
| (৪) | মিসেস বিনতি রায়, স্বামী-মিঃ অখিল রায়, মহল্লা-বনপাড়া, বড়াইগ্রাম, নাটোর। | সদস্য | ১১(১)(চ) উপ-ধারা অনুসারে |
| (৫) | মোছাঃ খোদেজা বেগম, স্বামী-মৃত বাবলু, গ্রাম-গুড়ুমশৈল, বড়াইগ্রাম, নাটোর। | সদস্য | ১১(১)(চ) উপ-ধারা অনুসারে |

২। উপরে উল্লিখিত কমিটির সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের মোছাঃ নাজমা রহমান উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ধারাবাহিকভাবে ২৯-০৯-২০১৩ তারিখ হতে পুনরায় দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-সেল/জামস/উপজেলা কমিটি-৩/১০(অংশ-১)/৫৩**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১(১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, পত্নীতলা, নওগাঁ এর সুপারিশেরভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার পত্নীতলা উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রঃ নং | ধারা | ক্যাটাগরী | নাম ও ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | ১১(১)(গ) | শিক্ষিকা | মর্জিনা চৌধুরী, স্বামী-আব্দুল খালেক চৌধুরী, নজিপুর, পত্নীতলা, নওগাঁ। | সভানেত্রী |
| (২) | ১১(১)(ঘ) | সমাজসেবী | মর্জিনা আকতার, স্বামী-মোঃ আবুল কালাম আজাদ, হরিরামপুর, পত্নীতলা, নওগাঁ। | সদস্য |
| (৩) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | সাবিনা ইয়াসমিন, আবুল কালাম আজাদ (অরুন), নজিপুর, পত্নীতলা, নওগাঁ। | সদস্য |
| (৪) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | রুপা দে, স্বামী-গৌতম দে, নজিপুর (পলিপাড়া), পত্নীতলা, নওগাঁ। | সদস্য |
| (৫) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | খাদিজাতুল কোবরা (মুক্তা), স্বামী- মোঃ আব্দুল মোতাল্লেব (লাইফ), নজিপুর, পত্নীতলা, নওগাঁ। | সদস্য |

২। উপরে উল্লিখিত কমিটির সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের মর্জিনা চৌধুরী উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ধারাবাহিকভাবে ০৪-০৪-২০১৩ তারিখ হতে পুনরায় দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ লোকমান আহাম্মদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৮ ফাল্গুন ১৪২০/২ মার্চ ২০১৪

**নং শিম/শাঃ ১৮/৬ জাঃ বিঃ-৯/৯৪(অংশ)/৬২**—জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর এম.এ. মতিনকে ভারপ্রাপ্ত উপাচার্যের দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় আইন, ১৯৭৩ এর ১১(১) ধারা অনুযায়ী উক্ত বিশ্ববদ্যিালয়ে গত ২০-০২-২০১৪ তারিখে সিনেট সভায় নির্বাচিত তিনজনের প্যানেল মধ্য হতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. ফারজানা ইসলামকে নিম্নে বর্ণিত শর্তে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগ প্রদান করেছেন ঃ

(ক) উপাচার্য হিসেবে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য চ্যান্সেলর প্রয়োজন মনে করলে নির্ধারিত সময়কাল শেষ হওয়ার পূর্বেই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন ;

(খ) উপাচার্য হিসেবে তিনি বর্তমান পদের বেতন-ভাতাদি পাবেন ;

(গ) তিনি উপাচার্য পদ সংশ্লিষ্ট আর্থিক ও অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন;

(ঘ) এই নিয়োগ আদেশ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

**নং শিম/শাঃ ১৮/৬ জাঃ বিঃ-৬/৮৮(অংশ)/৬৩**—অধ্যাপক এম.এ মতিন এবং অধ্যাপক মোঃ আফসার উদ্দিনকে প্রো-ভাইস চ্যান্সেলরের পদ থেকে অব্যাহতি প্রদান করে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় আইন, ১৯৭৩ এর ১৩(১) ধারা অনুযায়ী উক্ত বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ আবুল হোসেনকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর পদে নিম্নে বর্ণিত শর্তে নিয়োগ প্রদান করেছেন ঃ

(ক) প্রো–ভাইস চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর উপযুক্ত মনে করলে মেয়াদ পূর্তির পূর্বেই এ নিয়োগাদেশ বাতিল করতে পারবেন ;

(খ) প্রো-ভাইস চ্যান্সেলর পদে তিনি তাঁর বর্তমান বেতন-ভাতাদি পাবেন ;

(গ) তিনি বিধি মোতাবেক বাসস্থান ও যানবাহন সুবিধা ভোগ করবেন ;

(ঘ) তিনি বিশ্ববিদ্যালয়ের সংবিধি ও আইন দ্বারা নির্ধারিত ও ভাইস-চ্যান্সেলর কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন ;

(ঘ) এই নিয়োগ আদেশ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

**লায়লা আরজুমান্দ বানু**
উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-২)।

**অধিশাখা-১০**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২০ ফাল্গুন ১৪২০/4 মার্চ ২০১৪

**নং ৩৭.০০.০০০০.০৭১.১৪.০১১.০৪.-১৮৮**—The Intermediate and Secondary Education Ordinance 1961 এর Section 4 এর Clause (x-xi) এর প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে নিম্নোক্ত ০২ (দুই) জন শিক্ষাব্রতী ব্যক্তিকে প্রজ্ঞাপন জারীর তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, সিলেট-এর বোর্ড কমিটিতে সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করেছেন ঃ

(০১) প্রফেসর মোঃ আব্দুল আজিজ, ভাইস চ্যান্সেলর, মেট্রোপলিটন ইউনিভার্সিটি, সিলেট।

(০২) প্রফেসর অনীল চন্দ্র দেব, অধ্যক্ষ (অবঃ), বিয়ানীবাজার সরকারি কলেজ, সিলেট।

**নং ৩৭.০০.০০০০.০৭১.১৪.০১১.০৪.-১৮৯**—The Intermediate and Secondary Education Ordinance 1961 এর Section 4 এর Clause (vi) (vii), (viii), (ix) ও (xii) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্ত শিক্ষক ও কর্মকর্তাগণকে প্রজ্ঞাপন জারীর তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর বোর্ড কমিটিতে সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করেছেন ঃ

(১) অধ্যক্ষ, মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।

(২) অধ্যক্ষ, ব্লু-বার্ড স্কুল ও কলেজ, সিলেট।

(৩) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।

(৪) প্রধান শিক্ষক, হবিগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ।

(৫) প্রধান শিক্ষক, বিয়ানীবাজার বালিকা উচ্চ বিদ্যালয়, সিলেট।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ অলিউল্লাহ**
উপ-সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৬ চৈত্র ১৪২০/২০ মার্চ ২০১৪

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-৬/০৯/৩৬০**—যেহেতু, জনাব চৌধুরী আব্দুল্লাহ আল-মামুন, উপজেলা শিক্ষা অফিসার (বরখাস্তকৃত), রাউজান, চট্টগ্রাম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) উপবিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, বিভাগীয় মামলার যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক তাকে ০৯-০৩-২০১১ তারিখ হতে চাকরি থেকে বরখাস্ত (dismissal from service) করা হয়;

যেহেতু, তিনি উক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে মহামান্য রাষ্ট্রপতির নিকট রিভিউ পিটিশন দাখিল করলে তার আবেদনটি না-মঞ্জুর হয় এবং উক্ত দণ্ডাদেশ ও রিভিউ আবেদন না-মঞ্জুরের বিরুদ্ধে তিনি প্রশাসনিক ট্রাইব্যুনাল, চট্টগ্রামে মামলা (মামলা নং-এ,টি ৩২/২০১১) দায়ের করেন;

যেহেতু, মামলায় বিজ্ঞ ট্রাইব্যুনাল তার পক্ষে রায় প্রদান করে;

যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনাল, চট্টগ্রাম (মামলা নং-এ,টি ৩২/২০১১) এর রায়ে জনাব চৌধুরী আব্দুল্লাহ আল মামুনকে চাকরিতে পুনর্বহাল করতঃ তাকে তার বকেয়া বেতন-ভাতাসহ অন্যান্য সুবিধাদি প্রদানের পক্ষে আদেশ দিয়েছেন এবং একইসাথে বর্ণিত কর্মকর্তাকে ভবিষ্যতের জন্য তার দায়িত্ব পালনে সতর্ক করার আদেশ জারীর নির্দেশ দিয়েছেন;

যেহেতু, উক্ত রায়ের বিরুদ্ধে আপীল ট্রাইব্যুনালে সরকার পক্ষে আপীল দায়ের করার জন্য প্রস্তাব করা হলে আপীল দায়ের করে ফল লাভের কোন সম্ভাবনা নেই মর্মে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে জানানো হয়েছে;

সেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনালের রায় এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের প্রেক্ষিতে জনাব চৌধুরী আব্দুল্লাহ আল-মামুন, উপজেলা শিক্ষা অফিসার (বরখাস্তকৃত), রাউজান, চট্টগ্রাম-কে এ মন্ত্রণালয়ের ০৯ মার্চ ২০১১ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-৬/২০০৯/১২৬ নং প্রজ্ঞাপনমূলে জারীকৃত চাকরি হতে বরখাস্ত (dismissal from service) আদেশ প্রত্যাহারপূর্বক স্বীয় পদে চাকরিতে পুনর্বহাল করা হ'ল এবং তিনি বিধি মোতাবেক বরখাস্তকালীন সময়ের বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

২। একই সাথে তাকে ভবিষ্যতে সতর্কতার সাথে কাজ করার জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-৪১/২০১০/৩৬১**—যেহেতু, জনাব মোঃ মোসলেম উদ্দিন, সুপারিনটেনডেন্ট, খুলনা পিটিআই, খুলনা হিসেবে কর্মরত থেকে জনাব মুহাম্মদ আলমগীর হোসেন, ইন্সট্রাক্টর, ইউআরসি, দিঘলিয়া, খুলনা-এর ১৭-০৮-২০০৬ তারিখের চাকরি হতে ইস্তফাদানের আবেদনপত্র ২৯-০৩-২০০৭ তারিখে এবং বর্ণিত কর্মকর্তার নিকট সরকারের পাওনা সম্পর্কিত প্রত্যয়নপত্র ১৩-০৩-২০০৮ তারিখে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করেন;

যেহেতু, তাঁর দায়িত্বহীনতা ও কর্তব্যে অবহেলার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক তাঁর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং উক্ত বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে অনুসরণ করে জনাব মোঃ মোসলেম উদ্দিন, সুপারিনটেনডেন্ট, খুলনা পিটিআই-এর বেতন থেকে একটি বাৎসরিক ইনক্রিমেন্ট কর্তনের আদেশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মোসলেম উদ্দিন উক্ত দন্ডাদেশের বিরুদ্ধে মহামান্য রাষ্ট্রপতির নিকট রিভিউ আবেদন করলে মহামান্য রাষ্ট্রপতি উক্ত রিভিউ আবেদনটি না-মঞ্জুর করেন।

যেহেতু, জনাব মোঃ মোসলেম উদ্দিন উক্ত আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, খুলনায় এ,টি মোকদ্দমা নং-৪৮/২০১১ দায়ের করেন এবং উক্ত মামলায় ইনক্রিমেন্ট কর্তনপূর্বক বেতন পূনঃনির্ধারণ সংক্রান্ত আদেশ বাতিল করার রায় প্রদান করা হয়। উক্ত রায়ের বিরুদ্ধে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে আপীল দায়ের করে সরকার পক্ষে ফলোদয় হবে কিনা, সে বিষয়ে মতামত গ্রহণের জন্য বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়;

যেহেতু, বিজ্ঞ সলিসিটর মতামতে জানিয়েছে যে, বিভাগীয় শাস্তির আদেশটিতে আইনগত ক্রটি রয়েছে এবং মামলাটি তামাদি বারিত হয়ে যাওয়ায় আপীল ট্রাইব্যুনালে আপীল দায়ের করলে তা গ্রহণযোগ্য হবার সম্ভানা ক্ষীণ। উক্তরূপ আপীল দায়ের করা হলে রাষ্ট্রীয় অর্থ ও সময়ের অপচয় হবে বিধায় উক্ত রায়ের বিরুদ্ধে আপীল দায়ের করলে ফলোদয় হবে না;

সেহেতু, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, খুলনার ঘোষিত আদেশেরভিত্তিতে জনাব মোঃ মোসলেম উদ্দিন, সুপারিনটেনডেন্ট, পাবনা পিটিআই, পাবনা (প্রাক্তন পিটিআই সুপার, খুলনা)-এর বিভাগীয় মামলায় ০৯ ডিসেম্বর ২০১০ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-৪১/২০১০/৪২৭ নং প্রজ্ঞাপনমূলে প্রদত্ত দণ্ডাদেশ এতদ্বারা বাতিল করা হ'ল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী আখতার হোসেন**
সচিব।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## শৃংখলা-১ শাখা

### আদেশ

তারিখ, ৯ মার্চ ২০১৪ খ্রিস্টাব্দ

**নং স্বাপকম/শৃংখলা-১/১-০১/২০০৪-১৯৭**—যেহেতু, ডাঃ মোঃ আব্দুল্লাহ রুমী (৩৩৬৮৬), প্রাক্তন মেডিকেল অফিসার ও ভারপ্রাপ্ত আবাসিক মেডিকেল অফিসার (সাময়িকভাবে বরখাস্তকৃত), মানসিক হাসপাতাল পাবনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় তাঁকে চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ আব্দুল্লাহ রুমী (৩৩৬৮৬), মেডিকেল অফিসার ও ভারপ্রাপ্ত আবাসিক মেডিকেল অফিসার (সাময়িকভাবে বরখাস্তকৃত), মানসিক হাসপাতাল পাবনা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

এক্ষণে তাঁর সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হল।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

### আদেশ

তারিখ, ৪ ফাল্গুন ১৪২০/১৮ মার্চ ২০১৪

**নং .৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৯.২০১৩-২৩৩**—যেহেতু, ডাঃ খোন্দকার গোলাম মোস্তাকীম (৩৩৮৬৪), প্রাক্তন রেডিওথেরাপিস্ট, রেডিওথেরাপি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা-কে সৌদি আরবের স্বাস্থ্য মন্ত্রণালয়ে চাকুরি করার জন্য ১৬-০৪-১৯৯৭ তারিখের আদেশে ০১ বছরের লিয়েন মঞ্জুর করা হয়। পরবর্তীতে তাঁর অনুকূলে সর্বশেষ গত ১৫-০৪-১৯৯৯ তারিখ পর্যন্ত লিয়েন বর্ধিত করা হয়। ডাঃ খোন্দকার গোলাম মোস্তাকীম (৩৩৮৬৪) পুনরায় তাঁর লিয়েনের মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করলে তা নামঞ্জুর করা হয়। দীর্ঘদিন পর তিনি দেশে প্রত্যাবর্তন করে গত ৩১-০৯-২০১২ তারিখে যোগদান/পদায়নের জন্য আবেদন করেন;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক হওয়ায় বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি আপনা আপনি অবসান ঘটেছে;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারী করা হবে না মর্মে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ জারীর প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর বিধি-৩৪ মোতাবেক ডাঃ খোন্দকার গোলাম মোস্তাকীম (৩৩৮৬৪), প্রাক্তন রেডিওথেরাপিস্ট, রেডিওথেরাপি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর চাকুরি অবসান (Ceased) করা হল। এ আদেশ ডাঃ খোন্দকার গোলাম মোস্তাকীম (৩৩৮৬৪) এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫ বছর পূর্ণ হওয়ার পরদিন ১৬-০৪-২০০২ তারিখ হতে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম.এম. নিয়াজউদ্দিন**
সচিব।

---

### আদেশাবলী

তারিখ, ১৯ মার্চ ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.১৫৪.০১.০০.১০৭.২০১৩-২৪০**—যেহেতু, ডাঃ মোহাম্মদ মোখলেছুর রহমান (৩৯৩১৭), প্রাক্তন মেডিকেল অফিসার, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলা নগর, ঢাকা-এর বিরুদ্ধে ২৫-০১-২০১২ তারিখ হতে ২১-০১-২০১৩ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার দায়ে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৭-০৮-২০১৩ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৭.২০১৩-৭৪০ নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোহাম্মদ মোখলেছুর রহমান (৩৯৩১৭), প্রাক্তন মেডিকেল অফিসার, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলা নগর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধিমতে তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৬.২০১৩-২৪১**—যেহেতু, ডাঃ আনার কলি দিলারা (৪০৩৮৩), প্রাক্তন সায়েন্টিফিক অফিসার, ডিপিটি শাখা, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি" এর দায়ে ০২-০১-২০১২ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৩.২০১১-০৪ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারী করা হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, ডাঃ আনার কলি দিলারা (৪০৩৮৩), প্রাক্তন সায়েন্টিফিক অফিসার, ডিপিটি শাখা, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা গত ১১-১১-২০১৩ তারিখ চাকুরী হতে ইস্তফা প্রদানের আবেদন করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ আনার কলি দিলারা (৪০৩৮৩), প্রাক্তন সায়েন্টিফিক অফিসার, ডিপিটি শাখা, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অীভযোগ, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

তারিখ, ২০ মার্চ ২০১৪

**নং ৪৫.১৫০.০১৭.১৫৪.০১.০০.০৯৮.২০১২-২৪৬**—যেহেতু, ডাঃ হাবিবা শামীম সুলতানা (৪৩০৭৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও প্রেষণে সেন্টার ফর মেডিকেল এডুকেশন, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার গাইনী বিশেষজ্ঞ পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বানারীপাড়া, বরিশাল) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জাবাব প্রদান করেন এবং ১২-০৫-২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তার উপস্থাপিত বক্তব্য সন্তোষজনক বিবেচিত হয়নি। সিভিল সার্জন, বরিশাল এর প্রতিবেদন দৃষ্টে তার দাখিলকৃত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বানারীপাড়া, বরিশাল এর ছাড়পত্রটি ভুয়া প্রতীয়মান হয়। একজন সরকারি কর্মকর্তার পক্ষে এহেন কার্যকলাপ গর্হিত অপরাধ;

এক্ষণে, সেহেতু, ডাঃ হাবিবা শামীম সুলতানা (৪৩০৭৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও প্রেষণে সেন্টার ফর মেডিকেল এডুকেশন, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আগামী ০৪ (চার) বছরের জন্য তাঁর বেতন তার প্রাপ্য বর্তমান বেতন স্কেলের সর্বনিম্ন ধাপে অবনমিত করে ২০০৯ সালের জাতীয় বেতন স্কেলের টাকা ১৮,৫০০-৮০০X১৪-২৯৭০০ এর স্কেলে টাকা ১৮,৫০০-এ নির্ধারণ করার শাস্তি আরোপ করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.১৫৪.০১.০০.০৩৪.২০১৩-২৫০**—যেহেতু, ডাঃ অসিত কুমার সরকার (৩৩৩১৫), আবাসিক মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, চাঁপাইনবাবগঞ্জ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ১০-০৩-২০১৩ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩০.২০১৩-২৭২নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ অসিত কুমার সরকার (৩৩৩১৫), আবাসিক মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, চাঁপাইনবাবগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা ও অভিযোগ বিবরনী, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা পূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধিমতে তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ০৪ (চার) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

**এ.এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

**শৃংখলা-২ শাখা**

**আদেশ**

তারিখ, ১৯ মার্চ ২০১৪

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০৩২.২০১৩-৯৭**—যেহেতু, ডাঃ মোঃ তানভির রহমান (১২১১৫০), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আক্কেলপুর, জয়পুরহাট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমি 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৫-০১-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, তিনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে, সেহেতু ডাঃ মোঃ তানভির রহমান (১২১১৫০), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আক্কেলপুর, জয়পুরহাট এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী, তদন্ত প্রতিবেদন ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারী হওয়ার তারিখ থেকে ০২ (দুই) বৎসর সময় পর্যন্ত স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।

এ আদেশ জনস্বার্থে জারী করা হল।

**এ. এম বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**জনস্বাস্থ্য-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ মার্চ ২০১৪

**নং স্বাপকম/জনস্বাস্থ্য-৩/শিশুখাদ্য-০১/২০০৮/৫৩**—মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি বিপণন নিয়ন্ত্রণ আইন-২০১৩ বাস্তবায়নের লক্ষ্যে আইনের ৮ ধারা অনুযায়ী নিম্নরূপ জাতীয় উপদেষ্টা কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো ঃ

**চেয়ারম্যান**

(১) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) অতিরিক্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৩) যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয়

(৪) যুগ্মসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(৫) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর

(৬) পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(৭) চেয়ারপার্সন, বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন

(৮) অধ্যাপক এম কিউ কে তালুকদার

**সদস্য-সচিব**

(৯) পরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা

**কমিটির কার্যপরিধি ঃ**

(ক) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদির জন্য প্রযোজ্য আন্তর্জাতিক বিপণন বিধি (International Code of Marketing) ও তদসম্পর্কিত আন্তর্জাতিক মানদণ্ড সম্পর্কে সরকারের যথাযথ পর্যবেক্ষণ ও কার্যক্রম গ্রহণের জন্য পরামর্শ প্রদান।

(খ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক অর্পিত বা নির্দেশিত বা নির্দিষ্টকৃত অন্যান্য কার্য সম্পাদন, এবং

(গ) নির্ধারিত অন্য কোন কার্য-সম্পাদন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ এজাজ আহমেদ জাবের**
উপসচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**মনিটরিং উইং-২।**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৮ জুন ২০১৪

**নং ২৫.০০.০০০০.০২৩.৪২.০২২.১৩/১৩৪**—সরকার এতদ্বারা ঢাকা জেলার সূত্রাপুর থানাধীন ওয়ারী মৌজার ১/১, ১/২ ও ১/৩, কে এম দাস লেনস্থিত আর এস ৬০১৬ ও ৬০১৭ এবং ঢাকা মহানগর জরিপের ৪২৩৬, ৪২৯৮ ও $\frac{৪২৩৬}{৪৩১৬}$ দাগের ৮০.৮৬ শতাংশ জমি ও তদউপরিস্থ ভবন ১৯৭২ সালের রাষ্ট্রপতির আদেশ নং ১৬/৭২ The Bangladesh Abandoned Property (Control, Management and disposal) Order, 1972 এবং ১৯৮৫ সালের The Abandoned Buildings (Supplementary Provisions) Ordinance (অধ্যাদেশ ৫৪/১৯৮৫) এর ৫(১)(খ) ধারা অনুযায়ী পরিত্যক্ত সম্পত্তির 'খ' তালিকাভুক্ত করিল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আকবর হোসেন**
যুগ্ম-সচিব।

## প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
### প্রশাসন শাখা-১

### প্রজ্ঞাপন

তারিখ, ৩০ এপ্রিল ২০১৪/১৭ বৈশাখ ১৪২১

**নং ৪৯.০০১.০৩১.০০.০০.০৩৭.২০১১-৪৯২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২-০৫-২০১৩ তারিখের ০৫.১২৩.০৩৫.০০.০০.০০৫. ২০০৮ (অংশ-১) ১৬০ নং প্রজ্ঞাপনমূলে হিসাব রক্ষক (৩য় শ্রেণী) পদধারীদের পদ পরিবর্তন করে সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা (২য় শ্রেণী) এবং হিসাব রক্ষকের বেতন স্কেল ৬৪০০-১৪২৫৫ (১১তম গ্রেড) হতে সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তার বেতন স্কেল ৮০০০-১৬৫৪০ (১০ম গ্রেড) উন্নীত করার প্রেক্ষিতে নিম্নবর্ণিত ব্যক্তিকে নামের পার্শ্বে বর্ণিত বেতন স্কেলে "সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা" পদে নির্দেশক্রমে পদনাম পরিবর্তন এবং বেতনস্কেল উন্নীত করা হলো ঃ

| নাম | বর্তমান পদনাম | পরিবর্তিত পদনাম | বর্তমান বেতন স্কেল | পরিবর্তিত বেতনস্কেল | পরিবর্তিত পদমর্যাদা |
|---|---|---|---|---|---|
| জনাব মোঃ আব্দুর রহমান ভূঁঞা | হিসাব রক্ষক | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | ৬৪০০-১৪২৫৫ | ৮০০০-১৬৫৪০ | দ্বিতীয় শ্রেণী (গেজেটেড) |

২। এ আদেশ ২২-১০-২০১৩ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আব্দুন নাসের খান**
সিনিয়র সহকারী সচিব।